নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ৯১৬৪ তারিখ ঃ- ২/৩/২১
গ্রহণকারী ঃ-
অঃ সঃ | সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-১

মুজিববর্ষের অঙ্গীকার
গণপূর্ত টেকসই উন্নয়নের রূপকার।

**বিষয় ঃ জাতির পিতার জন্মশতবার্ষিকী পালনের অংশ হিসাবে গণপূর্ত অধিদপ্তরে স্মারক বক্তব্য আয়োজন সংক্রান্ত ।**

সভাপতি ঃ ড. মোহাম্মদ গিয়াসউদ্দিন হায়দার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়)
তারিখ ও সময় ঃ ১৫ ফেব্রুয়ারি ২০২১, সোমবার, সকাল-১১.০০ ঘটিকায়।
স্থান ঃ সভাপতি মহোদয়ের সভাকক্ষ (২য় তলা), রুম নম্বর-২১০, প্রধান প্রকৌশলীর কার্যালয়,গণপূর্ত অধিদপ্তর,পূর্ত ভবন, ঢাকা।
উপস্থিতি ঃ তালিকা সংযুক্ত।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম নিয়ে নিম্নরূপ আলোচনা করা হয়: বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে জাতির পিতার "প্রশাসনিক দূরদর্শীতা এবং গৃহায়ন বিষয়ক ভাবনা" বিষয়ে স্মারক বক্তব্য আগামী ২৬ মার্চ ২০২১ তারিখের মধ্যে আয়োজনের ব্যাপারে কেন্দ্রীয়ভাবে প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তরে এবং ঢাকার বাইরের সকল জোন এবং প্রয়োজনবোধে সার্কেল সমূহে আয়োজন করা যেতে পারে। এ প্রেক্ষিতে স্বনামধন্য ব্যক্তিদের বক্তা হিসেবে নির্বাচন করার ক্ষেত্রে "বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি" থেকে প্রাপ্ত তালিকার মধ্যে হতে বক্তা নির্বাচন করা যেতে পারে। প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তরে স্মারক বক্তব্য অনুষ্ঠান উদ্‌যাপনের জন্য মার্চ মাসের ২য় সপ্তাহে অথবা প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনাক্রমে দিন ও তারিখ নির্ধারণ করা হবে। পূর্ত ভবনে স্মারক বক্তব্য অনুষ্ঠানে সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে অডিটরিয়াম, ক্যাফেটেরিয়া এবং প্রয়োজনবোধে ক্যাফেটেরিয়ার বাইরে অফিস সংলগ্ন চত্বরে ব্যবহার করা যেতে পারে। সেক্ষেত্রে পর্যাপ্ত সংখ্যক বসার ব্যবস্থা, Projector এবং সাউন্ড সিস্টেমের সংকুলান করতে হবে। এ ব্যাপারে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১ এবং এমআইএস বিভাগ-২ কে দায়িত্ব দেয়া যেতে পারে। ভেন্যু তৈরীসহ খাবারের ব্যবস্থার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪ এবং অডিটরিয়াম সাজানোর জন্য প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার বিভাগকে দায়িত্ব দেয়া যেতে পারে।

সভার সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ-

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ |
|---|---|---|
| ১। | জাতির পিতার জন্মশতবার্ষিকী পালনের অংশ হিসেবে "প্রশাসনিক দূরদর্শীতা এবং গৃহায়ন বিষয়ক ভাবনা" বিষয়ক স্মারক বক্তব্য অনুষ্ঠান প্রধান প্রকৌশলী মহোদয়ের কার্যালয়ে আয়োজনের পাশাপাশি জোন ভিত্তিক ঢাকার বাইরের সকল জোনের আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং সংশ্লিষ্ট সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয়কে জানিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওস)/ গণপূর্ত জোন-ময়মনসিংহ/ চট্টগ্রাম/ রাজশাহী/রংপুর/খুলনা/গোপালগঞ্জ/বরিশাল/সিলেট। |
| ২। | বক্তা নির্বাচনের জন্য ঢাকার বাইরের সকল জোনে "বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি" থেকে প্রাপ্য তালিকা ই-মেইলে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | i) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৫, ঢাকা।<br>ii) নির্বাহী প্রকৌশলী (ই/এম), উত্তরা এপার্টমেন্ট প্রকল্প, ঢাকা। |
| ৩। | পূর্ত ভবনে অনুষ্ঠানের জন্য তারিখ, আলোচক/বক্তা নির্বাচন পূর্বক অনুষ্ঠানসূচির একটি খসড়া প্রস্তুতের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। প্রস্তুতকৃত খসড়া প্রস্তাব প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা করে চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | i) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।<br>ii) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত পেকু সার্কেল, ঢাকা।<br>iii) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৫, ঢাকা।<br>iv) নির্বাহী প্রকৌশলী (ই/এম), উত্তরা এপার্টমেন্ট প্রকল্প, ঢাকা। |
| ৪। | প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় সম্মতির পর বাস্তবায়নের জন্য "মুজিববর্ষ বাস্তবায়ন ও পর্যবেক্ষণ সেল" ও সংশ্লিষ্ট কমিটির সবার উপস্থিতিতে দায়িত্ব বন্টনের জন্য আগামী ০২/০৩/২১খ্রিঃ তারিখে একটি সমন্বয় সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। | কমিটির সকল সদস্য। |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৫/২/২১
(ড. মোহাম্মদ গিয়াসউদ্দিন হায়দার)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা,"মুজিববর্ষ বাস্তবায়ন ও পর্যবেক্ষণ সেল", গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোন-৯৫৬২৮৩১

চলমান পাতা-২

স্মারক নম্বরঃ-২৫.৩৬.০০০০.২১৫.২৩.১০৩.১৯- ৩০০

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৭ / ১৫ ফেব্রুয়ারি ২০২১।

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন/গণপূর্ত মেট্রোপলিটন জোন/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম)/(ই/এম পিন্ডডি), আরবান বিল্ডিং সেফটি প্রকল্প, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন-ময়মনসিংহ/ চট্রগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/গোপালগঞ্জ/বরিশাল/সিলেট।

৩। জনাব অজয় কুমার চক্রবর্তী, যুগ্ম সচিব, জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি (৫তলা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। উপ-সচিব, প্রশাসন শাখা-১৭, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার, গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, ঢাকা(ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৪, ঢাকা।

৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১, ঢাকা।

১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, পূর্তভবন, ঢাকা। গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১১। প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার গণপূর্ত বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

১২। ----------------------------------------------------------, ও সদস্য, "মুজিববর্ষ বাস্তবায়ন ও পর্যবেক্ষণ সেল", গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৩। অফিস নথি।

15/02/21

(কাজী মোঃ ফিরোজ হাসান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত পেকু সার্কেল, ঢাকা
ও
সদস্য
মুজিববর্ষ বাস্তবায়ন ও পর্যবেক্ষণ সেল।